গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তেরখাদা, খুলনা।
WWW.terokhada.khulna.gov.bd

স্মারক নং ০৫.৪৪.৪৭৯৪.০০০.০৬.০০৩.২৬- ৫৪১ তারিখ: ২১.০৭.২০২৬ খ্রি:

**ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬" এর আলোকে দেশব্যাপী আগামী "১লা আগস্ট ২০২৬ হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬" পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারি কার্যক্রম শুরু হতে যাচ্ছে। সে লক্ষ্যে তেরখাদা উপজেলায় তথ্য সংগ্রহের জন্য তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার স্বেচ্ছাসেবী নিয়োগ করা হবে। আগ্রহীদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্র. নং | পদের ধরণ | আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা | অগ্রাধিকারযোগ্য বৈশিষ্ট্য | অযোগ্যতা | প্রয়োজনীয় কাগজপত্র |
|---|---|---|---|---|---|
| ০১ | তথ্য সংগ্রহকারী | ক) ন্যূনতম এইচএসসি বা সমমান পাস<br>খ) বয়স: ১৮-৪০<br>গ) ট্যাবলেট/স্মার্টফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকা সম্পর্কে ভালো জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারীরিকভাবে সক্ষম ও মাঠে কাজ করতে সম্মত | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক বা তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ, এন আইডি কার্ডের সত্যায়িত কপি ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| **ক্র. নং** | **পদের ধরণ** | **আবেদনের বাধ্যতামূলক যোগ্যতা** | **দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব** | **অযোগ্যতা** | **প্রয়োজনীয় কাগজপত্র** |
| ০২ | সুপারভাইজার (প্রতি ০৯জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১জন) | ক) ন্যূনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান পাস<br>খ) বয়স: ২৫-৪৫<br>গ) ট্যাব ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+ নম্বর<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগোলিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা | ক) প্রতিটি গণনা এরিয়া শারীরিকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-Check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডাটা সিঙ্ক ও অ্যাপ আপডেট নিশ্চিত | ক) ফৌজদারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/আধা-সরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দণ্ডিত | ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

**আবেদন ফরম প্রাপ্তির স্থান:** ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, তেরখাদা, খুলনা ও উপজেলা সমাজসেবা কার্যালয়, তেরখাদা, খুলনা এর ওয়েবসাইট পাওয়া যাবে লিংক https://dss. terokhada.khulna..gov.bd
**আবেদন ফরম দাখিলের স্থান:** ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, তেরখাদা, খুলনা।

## আবেদন ফরম বিতরণ, দাখিল ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচিঃ

| ক্র.নং | আবেদন ফরম বিতরণের তারিখ ও সময় | আবেদন ফরম দাখিলের তারিখ ও সময় | ব্যবহারিক পরীক্ষার সম্ভাব্য সময় |
|---|---|---|---|
| ০১ | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৩/০৭/২০২৬ খ্রি. সকাল ৯.০০ টা থেকে দুপুর ৩.০০ টা পর্যন্ত | ২১/০৭/২০২৬ খ্রি. হতে ২৩/০৭/২০২৬খ্রি. সকাল ৯.০০ টা থেকে বিকাল ৩.০০ টা পর্যন্ত | ২৫/০৭/২০২৬খ্রি. সকাল ১০.০০ ঘটিকা |



CamScanner

**শর্তাবলীঃ**

১) তথ্য সংগ্রহকারীগণ শুমারিকালীন বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।

২) ফ্যামিলি কার্ড শুমারি চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ ঘণ্টা তথ্য সংগ্রহ করতে হবে।

৩) তথ্য প্রযুক্তি খাতে দক্ষ হতে হবে।

৪) তথ্য সংগ্রহের কাজে কোন গাফিলতি/অবহেলা করা যাবেনা।

৫) কোনক্রমেই ভুল তথ্য এন্ট্রি প্রদান বা তথ্য বিকৃত করা যাবে না।

৬) সংগৃহীত তথ্যের গোপনীয়তা সম্পূর্ণরূপে রক্ষা বাধ্যতামূলক।

৭) ট্যাবেলেট সযত্নে রক্ষণ করতে হবে। অবহেলায় ক্ষতি হলে বিধিমোতাবেক ক্ষতিপূরণ প্রযোজ্য।

৮) কোন পরিবারকে ফ্যামিলি কার্ড পাওয়ার প্রতিশ্রুতি দেওয়া বা ভয় দেখানো সম্পূর্ণ নিষিদ্ধ এবং সেক্ষেত্রে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।

৯) ইচ্ছাকৃত জালিয়াতির ক্ষেত্রে সম্মানী বাতিল ও আইনি ব্যবস্থা নেওয়া হবে।

১০) কর্তৃপক্ষ প্রয়োজন বোধে বিজ্ঞপ্তিতে উল্লেখিত যেকোন শর্ত, সময়সূচি বা কার্যক্রম সংশোধন,পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষন করেন।

২১/০৭/২০২৬

তাহ্‌মিনা সুলতানা নীলা
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও স্বেচ্ছাসেবী নির্বাচন
কমিটি,তেরখাদা,খুলনা।

স্মারক নং ০৫.৪৪.৪৭৯৪.০০০.০৬.০০৩.২৬- ৫৪৭ তারিখ: ২১.০৭.২০২৬ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, খুলনা-০৪।
২।কর্মসূচি পরিচালক,ফ্যামিলি কার্ড,সমাজকল্যান মন্ত্রনালয়,ঢাকা।
৩। পরিচালক,বিভাগীয় সমাজসেবা কার্যালয়,খুলনা।
৪। জেলা প্রশাসক,খুলনা।
৫। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,খুলনা।
৬। প্রশাসক, উপজেলা পরিষদ,তেরখাদা,খুলনা।
৭। সহকারি কমিশনার (ভূমি),তেরখাদা,খুলনা।
৮। অফিসার ইনচার্জ, তেরখাদা থানা,তেরখাদা,খুলনা।
৯। সদস্য ..................... ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি,তেরখাদা,খুলনা।
১০।সদস্য ..................... ফ্যামিলি কার্ড শুমারী বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি,তেরখাদা,খুলনা।
১১। উপজেলা ..................... কর্মকর্তা,তেরখাদা,খুলনা।
১২। জনাব.....................
১৩। অফিস কপি

২১/০৭/২৬

অতীশ সরদার
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
ফ্যামিলি কার্ড শুমারি তথ্য সংগ্রহকারী ও স্বেচ্ছাসেবী নির্বাচন
কমিটি,তেরখাদা,খুলনা।



CamScanner